

# 💵 মুখতাসার সহীহ আল-বুখারী

হাদিস নাম্বারঃ ৪০৩ [আন্তর্জাতিক নাম্বারঃ ৬৮৪]

১০. কিতাবুল আযান (کتاب الأذان)

পরিচ্ছেদঃ কোন ব্যক্তি মানুষের ইমামতি করার জন্য দাঁড়িয়ে গেলে যদি প্রথম ইমাম এসে যান

باب مَنْ دَخَلَ لِيَوُّمَّ النَّاسَ فَجَاءَ الإِمَامُ الأَوَّلُ فَتَأَخَّرَ الأَوَّلُ أَوْ لَمْ يَتَأَخَّرْ جَازَتْ صَلاَتُهُ

## আরবী

الله وَهُل بُنِ سَعْدِ السَّاعِدِيِّ: أَنَّ رَسُولَ اللَّهِ ذَهَبَ إِلَى بَنِي عَمْرِو بُنِ عَوْفِ لِيُصْلِحَ بَيْنَهُمْ، فَحَانَتِ الصَّلاةُ، فَجَاءَ الْمُؤَدِّنُ إِلَى أَبِي بَكْرٍ، فَقَالَ: أَتُصلِّي لِلنَّاسِ فَأُقِيمَ؟ قَالَ: نَعَمْ، فَصلَّى أَبُو بَكْرٍ، فَجَاءَ رَسُولُ اللَّهِ وَالنَّاسُ فِي الصَّلاةِ، فَتَخَلَّصَ حَتَّى وَقَفَ فِي قَالَ: نَعَمْ، فَصنَقَّقَ النَّاسُ التَّصْفِيقَ الصَّفَّةِ، فَصَفَّقَ النَّاسُ التَّصْفِيقَ النَّاسُ التَّصْفِيقَ ، فَرَأَى رَسُولَ اللَّهِ ، فَأَشَارَ إِلَيْهِ رَسُولُ اللَّهِ أَنِ امْكُثْ مَكَانَكَ، فَرَفَعَ أَبُو بَكْرٍ يَدَيْهِ، الْتَفَتَ، فَرَأَى رَسُولَ اللَّهِ ، فَأَشَارَ إِلَيْهِ رَسُولُ اللَّهِ مَنْ ذَلِكَ، ثُمَّ اسْتَأْخَرَ أَبُو بَكْرٍ حَتَّى اسْتَوَى فِي الصَّفِيقَ السَّقَفَى مَا أَمْرَهُ بِهِ رَسُولُ اللَّهِ مِنْ ذَلِكَ، ثُمَّ اسْتَأْخَرَ أَبُو بَكْرٍ حَتَّى اسْتَوَى فِي الصَّفِيقَ ، وَتَقَدَّمَ رَسُولُ اللَّهِ فَصلَلَى، فَلَمَّا انْصَرَفَ قَالَ يَا أَبَا بَكْرٍ مَا مَنَعَكَ أَنْ تَثْبُتَ إِذْ الصَّفَى ، وَتَقَدَّمَ رَسُولُ اللَّهِ فَصلَلَى، فَلَمَّا انْصَرَفَ قَالَ يَا أَبَا بَكْرٍ مَا مَنَعَكَ أَنْ تَثْبُتَ إِذْ الصَّفَى أَنُ يُمْ اللَّهِ مَا لِي رَأَيْتُكُمْ أَكُثُرُ أَنُ اللَّهِ إِي النَّسَاءِ وَلَا اللَّهِ مَا لِي رَأَيْتُكُمْ أَكْثُرُتُمُ التَّصفْفِيقَ لِللِيسَاءِ مَنْ رَابَهُ شَيْءٌ فِي صَلاتِهِ فَلْيُسَبِّحْ، فَإِنَّهُ إِذَا اللَّهِ مَا لِي رَأَيْتُكُمْ أَكْثُرُتُمُ التَّصفْفِيقَ اللَّيْسَاءِ

#### বাংলা

৪০৩) সাহ্ল বিন সা'দ (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেনঃ একদা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বনী আমর বিন আওফ গোত্রের কোন একটি সমস্যা মিটমাট করতে তাদের কাছে গেলেন। ইতিমধ্যে নামাযের সময় হয়ে গেল। মুআয্যিন আবু বকরের নিকট এসে বললঃ আপনি কি মানুষের ইমামতি করবেন? আমি তাহলে ইকামত দেই। আবু বকর বললেনঃ হ্যাঁ। আবু বকর (রাঃ) নামায শুরু করে দিলেন। ইতিমধ্যে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম উপস্থিত হয়ে গেলেন। লোকেরা তখন নামাযে ছিল। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সমস্ত কাতার ভেদ করে প্রথম কাতারে গিয়ে দাঁড়ালেন। লোকেরা তালি বাজাতে শুরু করল। আবু বকর নামাযে থাকাবস্থায় কোন দিকেই তাকাচ্ছিলেন না। লোকেরা যখন বেশী করে তালি বাজাতে লাগল তখন তিনি তাকিয়ে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ইঙ্গিতে বুঝিয়ে দিলেন



যে, তুমি নিজ স্থানেই স্থির থাক। আবু বকর (রাঃ) রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের পক্ষ হতে ইমামতি করার আদেশ পাওয়ার কারণে আল্লাহর শুকরিয়া আদায় করলেন এবং স্বীয় দু'হাত উঠিয়ে আল্লাহর প্রশংসা করলেন। অতঃপর আবু বকর (রাঃ) পিছিয়ে এসে মুক্তাদীদের কাতারে শামিল হয়ে গেলেন আর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সামনে গিয়ে নামাযের ইমামতি করলেন। নামায শেষে বললেনঃ হে আবু বকর! আমি যখন তোমাকে স্থির থাকতে বললাম, তখন কোন্ জিনিষ তোমাকে স্থির থাকতে বাধা দিল। তখন তিনি বললেনঃ আবু কুহাফার ছেলের জন্য শোভা পায়না যে সে আল্লাহর রাসূলের সামনে দাঁড়িয়ে নামায পড়াবে। অতঃপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেনঃ ব্যাপার কি? তোমরা এত বেশী তালি বাজালে কেন? মনে রেখো! নামাযে কারো কোন সন্দেহ হলে সে সুবহানাল্লাহ বলবে। কারণ যখন সে সুবহানাল্লাহ বলবে তখন তার দিকে দৃষ্টি দেয়া হবে। হাতে তালি মেরে আওয়াজ করা কেবল মহিলাদের জন্য।

টিকাঃ অত্র হাদীছ থেকে "নির্দেশ ও আদব"- এ বিষয়ে একটি সূক্ষ্ম সমাধান লাভ করা যায়। আর তা এই যে, সাধারণভাবে নির্দেশ আদবের উপরে প্রাধান্য পাবে। তবে বিশেষ ব্যক্তিদের ক্ষেত্রে আদব আদেশকে ছাড়িয়ে যাবে। এ কথাও পাওয়া গেল যে, আবু বকর (রাঃ) এ সব গুণাবলীর মাধ্যমেই সকল সাহাবীর উপর মর্যাদা লাভ করেছিলেন।

# **English**

If somebody is leading the Salat (prayer) and (in the meanwhile) the first (usual) Imam comes, the Salat is valid whether the former retreats or does not retreat

### Narrated Sahl bin Sa'd As-Sa'idi:

Allah's Messenger () went to establish peace among Bani `Amr bin `Auf. In the meantime the time of prayer was due and the Mu'adh-dhin went to Abu Bakr and said, "Will you lead the prayer, so that I may pronounce the Iqama?" Abu Bakr replied in the affirmative and led the prayer. Allah's Messenger () came while the people were still praying and he entered the rows of the praying people till he stood in the (first row). The people clapped their hands.

Abu Bakr never glanced sideways in his prayer but when the people continued clapping, Abu Bakr looked and saw Allah's Messenger (﴿). Allah's Messenger (﴿) beckoned him to stay at his place. Abu Bakr raised his hands and thanked Allah for that order of Allah's Messenger (﴿) and then he retreated till he reached the first row. Allah's Messenger (﴿) went forward and led the prayer. When Allah's Messenger (﴿) finished the prayer, he said, "O Abu Bakr! What prevented you from staying when I ordered you to do so?" Abu Bakr replied, "How can Ibn Abi Quhafa (Abu Bakr) dare to lead the prayer in the presence of Allah's Messenger (﴿)?" Then Allah's



Messenger (ﷺ) said, "Why did you clap so much? If something happens to anyone during his prayer he should say Subhan Allah. If he says so he will be attended to, for clapping is for women."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী 🛘 বর্ণনাকারীঃ সাহল বিন সা'দ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন